

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

তারিখ: ১৯/০৯/২০২৩ খ্রি.

২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের জন্য পরীক্ষার্থীকে Online-এ ডাটা এন্ট্রি সম্পন্ন করে পরীক্ষার্থীকে ফরম ডাউনলোড করার জন্য নির্দেশ দেয়া গেল। শুধু নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমের প্রিন্টকপি এবং Pay Slip আগামী ১১/১০/২০২৩ হতে ১২/১০/২০২৩ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে অবশ্যই জমা দিতে হবে। এছাড়া অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে ডাউনলোডকৃত ফরমের প্রিন্টকপি ও নির্ধারিত ফি আগামী ০৮/১০/২০২৩ হতে ১০/১০/২০২৩ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে সরাসরি জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nubd.info/honours থেকে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পাওয়া যাবে।

১। ফি জমাদানের পদ্ধতি: নিয়মিত পরীক্ষার্থীকে <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে National University Fees মেন্যু থেকে Form Fill-Up সিলেক্ট করে ০৯ ডিজিটের রোল নাম্বার দিয়ে চাহিত সকল তথ্য এন্ট্রি দিয়ে নির্ধারিত ফি আগামী ০১/১০/২০২৩ হতে ১২/১০/২০২৩ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

২। অংশগ্রহণের যোগ্যতা:

নিয়মিত: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

অনিয়মিত: ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে যেসকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীগণকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে পারবে না। তবে যারা অনার্স ২য় বর্ষ পরীক্ষায় ১ম বারের মতো "C" বা "D" গ্রেড পেয়েছে তারা গ্রেড উন্নীত করার জন্য সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন: ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা Promoted হয়েছে তারা শুধুমাত্র "C" বা "D" গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। যারা ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্সে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া যারা ২০২১ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C. Promoted হয়েছে তারা অনুপস্থিত ১টি কোর্সে এ পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা প্রদান করতে হবে।

এছাড়া ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে শুধুমাত্র ২০২২ সালের ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে।

৪। ফি এর বিবরণ:

বিষয়/বিভাগের নাম	প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়				কলেজ			সর্বমোট
		পরীক্ষার ফি	ব্যবহারিক	ইনকোর্স	অন্তর্ভুক্তি	কেন্দ্র	ব্যয়	ব্যবস্থাপনা	
ইংরেজি	নিয়মিত	৬×২৫০=১৫০০	--	১০০	--	৪৫০	--	৫০	২,১০০
	অনিয়মিত	৬×২৫০=১৫০০	--	১০০	৩০০	৪৫০	--	৫০	২,৪০০
বাংলা/ইতিহাস/ইসলাম/ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান	নিয়মিত	৭×২৫০=১৭৫০	--	১০০	--	৪৫০	--	৫০	২,৩৫০
	অনিয়মিত	৭×২৫০=১৭৫০	--	১০০	৩০০	৪৫০	--	৫০	২,৬৫০
পদার্থবিজ্ঞান/প্রাণিবিদ্যা/উদ্ভিদবিজ্ঞান/গণিত	নিয়মিত	৬×২৫০=১৫০০	২×২৫০=৫০০	১০০	--	৪৫০	৩০০	৫০	৩,১০০
	অনিয়মিত	৬×২৫০=১৫০০	২×২৫০=৫০০	১০০	৩০০	৪৫০	৩০০	৫০	৩,৪০০
বিএ/বিএসএস/বিবিএ- ১ পত্র বিশিষ্ট		১×২৫০=২৫০	--	--	৩০০	৪৫০	--	৫০	১,০৫০
বিএসসি- ১ পত্র বিশিষ্ট		১×২৫০=২৫০	১×২৫০=২৫০	--	৩০০	৪৫০	১৫০	৫০	১,৪৫০

(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)
অধ্যক্ষ

রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

১৯/০৯/২০২৩

বিতরণ: ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাজশাহী;

২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাজশাহী;

৩। বিভাগীয় প্রধান

(সকল বিভাগ), অত্র কলেজ, রাজশাহী;

৪। হিসাব সহকারী, অত্র কলেজ, রাজশাহী;

৫। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, তাকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;

৬। সংরক্ষণ নথি।